কোটচাঁদপুরে ৪ বছরের শিশু ধর্ষণের অভিযোগ, ধর্ষক আটক

ঝিনাইদহের কোটচাঁদপুরে ৪ বছরের এক শিশু কন্যাকে ধর্ষণের অভিযোগ উঠেছে। এঘটনায় ভুক্তভোগী শিশুটির বাবা বাদী হয়ে কোটচাঁদপুর থানায় ধর্ষণ মামলা দায়ের করেছেন। ধর্ষণের অভিযোগে সোমবার বিকালে পুলিশ পৌর শহরের রুদ্রপুর গ্রামের মৃত আব্দুল্লার ছেলে মোঃ মতিয়ার রহমান (৫৮) কে আটক করেছে।

মামলার এজাহার সূত্রে জানাযায়, রুদ্রপুর গ্রামের স্কুল পাড়ার জৈনকের ৪ বছরের শিশু কন্যা শনিবার বিকালে বসত বাড়ির সামনে খেলা করছিল। এসময় মামলার আসামী মতিয়ার রহমান পরিবারের অগোচরে শিশুটিকে পেঁয়ারা খাওয়ানোর কথা বলে তার বাড়ির রান্না ঘরে নিয়ে জোরপূর্বক শিশুটিকে পাশবিক নির্যাতন চালায়। পরে শিশুটি কাঁদকে কাঁদতে বাড়িতে ফিরে তার পরিবারের লোকজনকে বলে। শিশুটির বাবা জানায়, বিষয়টি আমরা জানতে পেরে পুলিশের জরুরী সেবা ৯৯৯ কল দিয়। পুলিশ খবর পেয়ে ধর্ষক মতিয়ার রহমানকে আটক করে।

কোটচাঁদপুর থানার অফিসার ইনচার্জ মঈন উদ্দিন ঘটনার সতত্য নিশ্চিত করে জানান, শিশু কন্যা ধর্ষণের অভিযোগে শিশুটির বাবা বাদী হয়ে থানায় নারী ও শিশু নির্যাতন আইনে মামলা করেছেন। মামলা নং-২১ তারিখ- ২১-০২-২০২২। মামলার তদন্তকারী কর্মকর্তা এসআই অমিত জানান, এর আগেও আসামীর বিরুদ্ধে প্রতিবন্ধী এক মেয়েকে ধর্ষণের অভিযোগ আছে। মঙ্গলবার আসামীকে আদালতের মাধ্যমে জেল হাজতে পাঠানো হয়েছে।

শহীদ দিবস উপলক্ষে উপজেলা

শিল্পকলা একাডেমির উদ্যোগে মনোঙ্গ সাংস্কৃতিক অনুষ্ঠান

শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে গাংনী উপজেলা প্রশাসনের ও উপজেলা শিল্পকলা একাডেমির উদ্যোগে মনোঙ্গ সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

সোমবার রাতে গাংনী উপজেলা অডিটরিয়ামে এ সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। গাংনী উপজেলা শিল্পকলা একাডেমী শিল্পীবৃন্দ, জোড়পুকুরিয়া মাধ্যমিক বিদ্যালয়, সন্ধানী স্কুল এন্ড কলেজ, সুর্যোদয় স্কুল এন্ড কলেজ, গাংনী প্রিক্যাডেট হাইস্কুল ও বিভিন্ন সাংস্কৃতিক শিল্পী গোষ্ঠির শিল্পীবৃন্দ মনোঙ্গ সাংস্কৃতিক অনুষ্ঠানে সঙ্গীত নৃত্য ও আবৃত্তি পরিবেশন করেন।

অনুষ্ঠানে নৃগোষ্ঠীর শিল্পীরা তাদের মনোমুদ্ধকর নাচে দর্শকদের মুগ্ধ করে তোলেন। সাংস্কৃতিক অনুষ্ঠানে সভাপতিত্ব করেন উপজেলা সহকারী কমিশনার (ভূমি) নাজমুল আলম।

প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও গাংনী উপজেলা চেয়ারম্যান এম এ খালেক।

বিশেষ অতিথি ছিলেন গাংনী থানার অফিসার ইনচার্জ আব্দুর রাজ্জাক, বিশিষ্ট সাংস্কৃতিক সংগঠক ও রাজনীতিক সিরাজুল ইসলাম।

অনুষ্ঠানে গাংনী শিল্পকলা একাডেমীর প্রশিক্ষক ওস্তাদ রতন সরকার ও ওস্তাদ সেলিম রেজা বাদ্যে যন্ত্রে সহযোগীতা করেন।
অনুষ্ঠানে অন্যদের মধ্যে বিশিষ্ট সাংস্কৃাতিক ব্যাক্তিত্ব ও কমিউনিটি কৃষি অফিসার আমজাদ হোসেন, সাংস্কৃতিক কর্মী আজিজুল হক রানু, গাংনী মডেল সরকারী প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক পারভেজ সাজ্জাদ রাজা, সাংবাদিক জুলফিকার আলী কানন উপস্থিত ছিলেন।

চিকিৎসা সহায়তা প্রদান করলো “ভালোবাসার বন্ধন দর্শনা”

দর্শনায় ভালোবাসার বন্ধনের উদ্দ্যেগে সড়ক দূর্ঘটনায় আহত এক অসহায়ের পাশে দাঁড়িয়ে সহায়তার হাত বাড়িয়ে অর্থিক সহায়তা প্রদান করেছেন।

কুড়ুলগাছি গ্রামের সাকিব একটি দুর্ঘটনায় ডান হাতে গুরুতরভাবে জখম হয়। তার চিকিৎসার জন্য ইন্ডিয়াতে যেতে হবে। সোমবার আহত অসহায়কে “ভালোবাসার বন্ধন দর্শনা” সংগঠনের পক্ষ থেকে তাকে কিছু চিকিৎসা সহায়তা প্রদান করলেন।

এ সময় উপস্থিত ছিলেন “ভালোবাসার বন্ধন” এর সম্মানিত প্রতিষ্ঠাতা আরিফ তরফদার, উপদেষ্টা এস,এ,এম কিবরিয়া আজম, রাসেল আহমেদ শাওন, শরিফ তরফদার, এজাহারুল ফয়েজ মিঠু, সাংগঠনিক সম্পাদক আয়নাল হক, সাংস্কৃতিক সম্পাদক সাজু, নির্বাহী সদস্য আমিনুর রহমান, নাজমুল হক প্রমুখ।

“ভালোবাসার বন্ধন দর্শনা “এভাবেই দর্শনা থানা অঞ্চলের সমাজ ও মানবতার সেবায় কাজ করে যাবে ইনশাআল্লাহ। সবাইকে “ভালোবাসার বন্ধন দর্শনার পাশে থাকার অনুরোধ জানান।

মেহেরপুরে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে সাংস্কৃতিক সন্ধ্যা

মেহেরপুরে মহান বিজয় দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২২ উপলক্ষে সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন করা হয়েছে।

সোমবার সন্ধ্যায় মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমীর মিলায়াতে এই সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন হয়।

মেহেরপুর জেলা প্রশাসনের আয়োজনে জেলা শিল্পকলা একাডেমীর বাস্তবায়নে সাংস্কৃতিক অনুষ্ঠানের প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম খান।

এছাড়াও উপস্থিত ছিলেন, স্থানীয় সরকার বিভাগের উপ-পরিচালক মৃধা মোহাম্মদ মোজাহিদুল ইসলাম, মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমির সাধারণ সম্পাদক সাইদুর রহমান, পিপি পল্লব ভট্টাচার্য, মেহেরপুর জেলা বঙ্গবন্ধু শিক্ষা ও গবেষণা পরিষদের সভাপতি প্রফেসর হাসানুজ্জামান মালেক প্রমুখ।

এসময় মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমীর শিল্পীরা একে একে গান ও নৃত্য পরিবেশন করে সকল শ্রেণী-পেশার মানুষকে মুগ্ধ করে তোলে।

মেহেরপুরে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে আলোচনা সভা

মেহেরপুরে মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২২ উপলক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

সোমবার দুপুরে মেহেরপুর জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে এই আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

মেহেরপুর জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম খানের সভাপতিত্বে ভার্চুয়ালী প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপি। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর পুলিশ সুপার মোঃ রাফিউল আলম।

স্থানীয় সরকার বিভাগের উপ-পরিচালক মৃধা মোহাম্মদ মোজাহিদুল ইসলামের সঞ্চালনায় আলোচনা সভায় আরো উপস্থিত ছিলেন জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এম এ খালেক, মেহেরপুর জেলা আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক অ্যাডভোকেট ইব্রাহিম শাহিন, পি পি পল্লব ভট্টাচার্য, জেলা সিভিল সার্জন জওয়াহেরুল আনাম সিদ্দিকী,জেলা

আওয়ামী লীগের সিনিয়র সহ-সভাপতি আব্দুল হালিম বিশ্বাস সহ জেলা পর্যায়ের বিভিন্ন দপ্তরের কর্মকর্তারা।

পরে শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষ্যে অনুষ্ঠিত বাংলাদেশ শিশু একাডেমী মেহেরপুর জেলা শাখার উদ্যোগে রচনা প্রতিযোগিতার বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়।

গাংনীতে দুই জনের বিষপানে আত্মহত্যার চেষ্টা

মায়ের বকুনি খেয়ে হুসাইন (১৫) নামের এক কিশোর বিষপান করে আত্মহত্যার ব্যার্থ চেষ্টা করেছে। হুসাইন গাংনী উপজেলার সাহারবাটি গ্রামের মুকুল হোসেনের ছেলে।

আজ সোমবার (২১ ফেব্রুয়ারী) বেলা সাড়ে ১২ টার সময় গ্রামের একটি মাঠের মধ্যে বিষপান করে। স্থানীয়রা দেখে তাকে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে আসেন। হুসাইনের মা ফেরদৌসী খাতুন জানান, সে একটি লেদ মেশিনের গ্যারেজে কাজ করে। কয়েক দিন যাবৎ কাজে যায়নি। তাকে এ নিয়ে বকা বকি করলে সে বিষ পান করে।গাংনী হাসপাতালের জরুরি বিভাগে কর্মরত চিকিৎসক সামসুল আরেফিন জানান বর্তমানে সে সুস্থ্য আছে।

এছাড়া গাংনী উপজেলার তেরাইল গ্রামের ওলিনগরপাড়া এলাকার রহিদুল ইসলামের ছেলে মাসুদ রানা বিষপান করে আত্মহত্যার চেষ্টা চালিয়েছে।

আজ সোমবার বিকাল সাড়ে তিনটার সময় নিজ বাড়িতে বিষপান করেন তিনি। মাসুদ রানার মা রাবেয়া খাতুন জানান, আমার ছেলে দীর্ঘ সাত বছর যাবৎ মাথার সমস্যায় আছে।তার মাথার সমস্যার কারণে স্ত্রী তালাক নিয়ে বাবার বাড়ি চলে গেছে।এর আগেও সে ৩ বার গলাই রশি দিয়ে আত্মহত্যার চেষ্টা চালিয়েছে।

উল্লেখ্য, কয়েকদিন আগে মাসুদ রানার বড় চাচী মর্জিনা খাতুন বিষপান করে আত্মহত্যা করেছেন।

গাংনীর ইকুড়ি গ্রামে মোটরসাইকেলের ধাক্কায় শিশু আহত

গাংনী-হাটবোয়ালীয়া সড়কের ইকুড়ি নাম স্থানে মোটরসাইকেলের ধাক্কায় তাসলিমা খাতুন (৮) নামের এক শিশু মারাত্বক আহত হয়েছে।

আহত তাসলিমা খাতুন ইকুড়ি গ্রামের বজলুর রহমানের মেয়ে। আজ সোমবার (২১ ফেব্রুয়ারী) বিকাল পৌণে চারটার সময় তার মা পারভীনা খাতুনের সাথে রাস্তা পার হওয়ার সময় একটি চলন্ত মোটরসাইকেল তাকে ধাক্কা দেয়। এসময় রাস্তার পাশে ছিটকে পড়ে আহত হয় তাসলিমা। পরিবারের লোকজন তাকে উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্◌্রে নিয়ে আসে।

গাংনী উপজেলা স্বাস্থ্য কমেপ্লেকের জরুরী বিভাগে কর্মরত চিকিৎসক সামসুল আরেফিন জানান, প্রাথমিক চিকিৎসা শেষে বাড়ি ফিরেছেন শিশুটি।

তাসলিমার মামা আশিকুজ্জামানন জানান, তাসলিমা খাতুনের এখন অবস্থা ভালো। বাড়িতে এনে ওষধ খাওয়ানো হচ্ছে।

দর্শনার পরানপুর মাঠ থেকে পৃথক স্হান থেকে দুই জনের লাশ উদ্ধার

চুয়াডাঙ্গা জেলার দর্শনা থানার পরানপুর ভুট্টাক্ষেতের ভিতর থেকে দুই জনের লাশ উদ্ধার করেছে পুলিশ। সোমবার (২১ ফেব্রুয়ারী) বেলা

সাড়ে ১১ টার দিকে উপজেলার দর্শনা পৌরসভাধীন পরানপুর গ্রামের ভুট্টাক্ষেত থেকে থেকে পৃথক মরদেহ উদ্ধার করা হয়।

নিহতরা হলেন, চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলার পারকৃষ্ণপুর-মদনা ইউনিয়নের সাড়াবাড়িয়া গ্রামের মৃত ইদ্রিস আলীর ছেলে শওকত আলী সকো
(৬০) ও একই উপজেলার দর্শনা পৌর এলাকার পরানপুর গ্রামের মাঝেরপাড়ার মৃত গোলাম জোয়ার্দ্দারের ছেলে হাফিজুর রহমান ওরফে হাফিজ (৫০)।

পরিবারের সদস্যরা জানায়, শওকত আলী (সকো) বুদ্ধিপ্রতিবন্ধী ছিল। গত শনিবার সকালে বাড়ি থেকে নিখোজ হয়। অনেক খোজাখুজির পরও পাওয়া যায়নি।

অপর দিকে হাফিজুর রহমান ওরফে হাফিজ গত রোববার দুপুরে ঘাষ কাটার উদ্দেশ্যে বাড়ি থেকে বের হয়। বাড়ি না ফেরায় খোজাখুজির পর পাওয়া যায়নি তাকে। তবে দুই পরিবারের কোন অভিযোগ নেই।

স্থানীয়রা জানায়, সোমবার সকালে কৃষি কাজ করার সময় ভুট্টাক্ষেতে দুজনের মরদেহ দেখতে পেয়ে পুলিশকে জানায়। শওকত আলীর মরদেহের পাশে একটি বিষের বোতল পাওয়া গেছে এবং হাফিজুর রহমানের মুখে ধারালো কিছুর আঘাতে রক্তাক্ত জখম রয়েছে। খবর পেয়ে দর্শনা থানা পুলিশ ঘটনাস্থলে পৌছে মরদেহ দুটি উদ্ধার করে।

দর্শনা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) এএইচএম লুৎফুল কবীর বলেন, পরানপুর গ্রামে আধা কিলোমিটারের মধ্যে ভুট্টাক্ষেতের ভিতর থেকে দুটি মরদেহ উদ্ধার করা হয়েছে। একজনের পাশে বিষের বোতল ছিল। অপরজনের মুখে ধারালো অস্ত্রের আঘাতের জখম পাওয়া গেছে। সুরতহাল প্রতিবেদন শেষে মৃত্যুর সঠিক কারণ নির্ণয় করতে মরদেহ দুটি ময়নাতদন্তের জন্য চুয়াডাঙ্গা সদর হাসপাতালের মর্গে পাঠানো হবে। এ ঘটনায় আইনগত বিষয়টি প্রক্রিয়াধীন।

মেহেরপুর কেন্দ্রীয় শহীদ মিনারে ভাষা শহীদদের প্রতি শ্রদ্ধা নিবেদন

মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবসের প্রথম প্রহরে মেহেরপুরের শহীদ সামসুজ্জোহা পার্কে কেন্দ্রীয় শহীদ মিনারে পুষ্পস্তবক অর্পণ করে ভাষা শহীদদের প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করেছেন জেলা প্রশাসন, পুলিশ প্রশাসন, জেলা আওয়ামী লীগ, মেহেরপুর পৌরসভা, উপজেলা প্রশাসন, জেলা পরিষদসহ বিভিন্ন রাজনৈতিক, সামাজিক ও সাংস্কৃতিক সংগঠনসহ সর্বস্তরের মানুষ।

রাত ১২ টা ১ মিনিটে জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম খান সরকারের পক্ষে শ্রদ্ধাঞ্জলি নিবেদন করে অনুষ্ঠানের সূচনা করেন। পরে পুলিশ সুপার মো: রাফিউল আলম, জেলা ও দায়রা জজ মোহাম্মদ ওয়ালিউল ইসলাম, জেলা পরিষদ চেয়ারম্যান গোলাম রসুল, পৌর মেয়র মাহফুজুর রহমান রিটন, জেলা আওয়ামী লীগের পক্ষ থেকে জেলা আওয়ামী লীগের নেতৃবন্দ, সদও উপজেলা চেয়ারম্যান ইয়ারুল ইসলামসহ বিভিন্ন রাজনৈতিক, সামাজিক ও সাংস্কৃতিক সংগঠনের নেতৃবৃন্দরা শ্রদ্ধাঞ্জলি নিবেদন করেন।

এছাড়াও মেহেরপুর জেলা যুবলীগ, ছাত্রলীগ, সেচ্ছাসেবক লীগ, মহিলা লীগ, তাঁতীলীগ, মেহেরপুর জেলা প্রেস ক্লাব, মেহেরপুর প্রেস ক্লাব, মেহেরপুর সরকারি কলেজ, মেহেরপুর সরকারি মহিলা কলেজ, জেলা জাসদ সহ বিভিন্ন সাংস্কৃতিক ও সামাজিক সংগঠন পুষ্পমাল্য অর্পণ করেন।

গাংনীতে শহীদ মিনারে

পুস্পস্তবক অর্পণ করে ভাষা শহীদদের প্রতি শ্রদ্ধা নিবেদন

মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবসের প্রথম প্রহরে গাংনী উপজেলা পরিষদ কেন্দ্রীয় শহীদ মিনারে পুষ্পস্তবক অর্পণ করে ভাষা শহীদদের প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করেছেন গাংনী উপজেলা প্রশাসন, উপজেলা পরিষদসহ বিভিন্ন সামাজিক সাংস্কৃতিক সংগঠণ ও সর্বস্তরের মানুষ।

রাত ১২ টা ১ মিনিট বাজার সাথে সাথে গাংনী উপজেলা প্রশাসনের পক্ষে শহীদ বেদীতে পুস্পস্তবক অর্পণ করেন গাংনী উপজেলা নির্বাহী অফিসার মৌসুমী খানম ও উপজেলা সহকারী কমিশনার (ভূমি) নাজমুল আলম, উপজেলা পরিষদের পক্ষে উপজেলা চেয়ারম্যান এম এ খালেক ও উপজেলা পরিষদের ভাইসচেয়ারম্যান অ্যাডভোকেট রাশেদুল ইসলাম জুয়েল, গাংনী থানা পুলিশের পক্ষে অফিসার ইনচার্জ (ওসি) আব্দুর রাজ্জাক ও সেকেন্ড অফিসার উপপরিদর্শক (এসআই) আব্দুর রাজ্জাক, গাংনী পৌর সভার পক্ষে কাউন্সিলরবৃন্দ, বঙ্গবন্ধু শিক্ষা ও গবেষণা পরিষদের পক্ষে সিরাজুল ইসলাম, সাধারণ সম্পাদক প্রভাষক শফি কামাল পলাশ, উপজেলা জাতীয় পার্টি (এরশাদ) এর গাংনী উপজেলা শাথার সভাপতি কেতাব আলী বিএসসি, কেন্দ্রীয় কমিটির সদস্য আব্দুল বাকী, গাংনী উপজেলা যুবলগীগের পক্ষে উপজেলা যুবলীগের সাধারণ সম্পাদক প্রভাষক শফি কামাল পলাশ ও যুগ্ম সাধারণ সাধারণ জেলা পরিষদের সদস্য মজিরুল ইসলাম মিয়া, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স বামন্দী অফিসের পক্ষে এএসআই ইছাহাক আলী, গাংনী প্রেসকক্লাবের পক্ষে সভাপতি ও সম্পাদক মাহবুব আলম, বংলাদেশ ছাত্রলীগের পক্ষে উপজেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক অসিফ ইকবাল অনিক, সাবেক ছাত্র নেতা ইমরান হাবীব, মুক্তিযুদ্ধের শহীদ স্মৃতি পাঠাগারের পক্ষে আব্দুল ওয়াদুদ, এছাড়া শহীদদের প্রতি শ্রদ্ধা জানান মেহেরপুর পল্লী বিদ্যুৎ সমিতির গাংনী জোনাল অফিসের কর্মকর্তা কর্মকর্তাবৃন্দ, উপজেলা কৃষি অফিসের কর্মকর্তা, কর্মচারীবৃন্দসহ বিভিন্ন সামাজিক সাংস্কৃতিক সংগঠনের নেতৃবৃন্দ, বিভিন্ন স্কুল কলেজের শিক্ষক, সাংবাদিকসহ সমাজের বিভিন্ন স্তুরের লোকজন শ্রদ্ধা জানান।

ফুল দিয়ে শ্রদ্ধা নিবেদনের পর উপস্থিত কর্মকর্তাবৃন্দ, রাজনৈতিক নেতৃবৃ্ন্দ শহীদদের প্রতি গভীর শ্রদ্ধা জানিয়ে এক মিনিট নিরাবতা পালন করেন।